



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer WorkSheet- 11

Class: 3



Subject: Bengali Text (কাঁচ)

Date: 28/08/2020

১। বালির ওপর রান্না করতে গিয়ে কীভাবে প্রথম কাঁচ আবিষ্কার হল ? তোমার ভাষায় লেখ ।

উ: এক সদাগর বানিজ্য করতে গিয়ে প্যালেস্টাইনের তীরের কাছে নদীর মুখে তার জাহাজটিকে বেঁধে তার লোকজন নিয়ে ডাঙায় নেমে আগুন জ্বেলে রান্না করতে গিয়ে দেখে হাঁড়ি বসাবার জন্য পাথর নেই । তাদের কাছে কিছু সোডা স্কারের পাটালি ছিল । সেইগুলোর ওপর তারা হাঁড়ি চড়িয়ে রান্না করল । রান্না খাওয়া শেষ হওয়ার পর তারা সোডা স্কারের পাটালির চাক্তিগুলো তুলতে গিয়ে দেখে সেগুলোর বদলে আছে স্বচ্ছ পাথরের মতো কিছু । সেইস্বচ্ছ জিনিসগুলো তারা আগে কখনো দেখেনি । সেই স্বচ্ছ জিনিসগুলোই হল কাঁচ । এইভাবেই প্রথম কাঁচ আবিষ্কার হল ।

২। তিনশত বছর আগে কিরকম কাঁচ তৈরি হত ?

উ: এখন আমরা যে সমস্ত ঝকঝকে পরিষ্কার কাঁচ ব্যবহার করি তিনশত বছর আগে সেইরকম কাঁচ তৈরি হত না । সেই সময় কার তৈরি কাঁচ হত ময়লা গোছের , তার মাঝে মাঝে ঘোলাটে দাগ থাকত । তার ওপর রঙ ফলিয়ে , কৌশলে তার দাগের সঙ্গে দাগ মিলিয়ে ওস্তাদ কারিগরেরা আশ্চর্য সুন্দর সব জিনিস গড়ত । কিন্তু নিখুঁত সাদা কাঁচ যে কী তারা জানত না ।

৩। ইউরোপের কোন জাতির লোকেরা কাঁচ তৈরিতে প্রথম উন্নতি ঘটায় এবং তারা কাঁচের কি কি জিনিস বানাত ?

উ: ইউরোপের রোমানরা কাঁচ তৈরিতে অল্প সময়ের মধ্যেই উন্নতি ঘটিয়ে

ফেলেছিল । কয়েকশ বছরের মধ্যে তারা কাঁচের নানা রকম সামগ্রী বানিয়ে ফেলেছিল । রোমানরা কাঁচের শারশি, বাসনপত্র, প্রদীপদান প্রভৃতি কাঁচের জিনিস বানাতে শুরু করল । এই সমস্ত জিনিষপত্র ধনী লোকদের নিত্য ব্যবহারের জিনিস হয়ে দাড়িয়েছিল । এই কাঁচের তৈরি জিনিসপত্রের ব্যবসা বিভিন্ন দেশের সঙ্গে চলত ।

৪। পটাশ ক্ষার কাকে বলে, এই ক্ষার দিয়ে কিভাবে কাঁচ বানানো হয় লেখ ?

উ: কলার বাসনা পুড়িয়ে যে ছাই হয়, তার মধ্যে ক্ষার থাকে – তাকে পটাশ ক্ষার বলে । সোডা, পটাশ, চুন এই সমস্তই নানা রকমের ক্ষার । চুল্লির আঁচে শুধু বালি কখনো গলে না ; কিন্তু তার সঙ্গে চুন – পাথর আর ক্ষার মিশিয়ে জ্বাল দিলে সব গলে এক হয়ে যায়, আর ঠান্ডা হলে কাঁচ হয়ে জমে থাকে ।

Manashi Chaudhuri